গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মিঠামইন, কিশোরগঞ্জ

# মিঠামইন উপজেলা আইসিটি কমিটির জুলাই/২০১৩ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ সাদেকুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ৩১/০৭/২০১৩ খ্রিঃ, সময় ঃ বেলা ১১:১৫ মিনিট। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ, মিঠামইন, কিশোরগঞ্জ। |

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট-''ক'' এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট-''খ'' তে দেখানো হল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপস্থিত সদস্যগণকে বক্তব্য/মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। সভায় নিম্নোক্ত বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

**আলোচ্য বিষয়- ১ ঃ উপজেলা ও ইউনিয়ন পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত ঃ**

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, কোন কোন অফিস এখনো তাদের তথ্যাদি যথাযথভাবে আপলোড করেননি এবং কোন কোন অফিসের তথ্যাদি ও ছবি মান সম্মত নয়। উপজেলা নির্বাহী অফিসার যথাযথভাবে উপজেলা ও ইউনিয়ন পোর্টাল প্রস্তুতের কাজ সম্পন্ন করে নিয়মিতভাবে নিজ নিজ পোর্টালে তথ্যাদি আপলোড ও আপডেট করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরো বলেন যে,মাননীয় প্রধানমন্ত্রী কিছু দিনের মধ্যেই উপজেলা ও ইউনিয়ন পোর্টাল উদ্বোধন করবেন। কাজেই জরুরী ভিত্তিতে উপজেলা ও ইউনিয়ন পোর্টাল প্রস্তুতের কাজ সম্পন্ন করে নিয়মিতভাবে নিজ নিজ পোর্টালে সঠিক ও মান সম্পন্ন তথ্যাদি আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত ঃ** ইউনিয়ন ও উপজেলা পোর্টাল প্রস্তুতির কাজ অগ্রাধিকার ভিত্তিতে যথাযথভাবে সম্পন্ন করে তাতে মান সম্পন্ন তথ্যাদি ও ছবি আপলোড করতঃ নিয়মিতভাবে তথ্যাদি আপডেট করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। সকল বিভাগীয় প্রধান, মিঠামইন, কিশোরগঞ্জ।
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ ।
৩। সচিব, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ ।

**আলোচ্য বিষয়- ২ ঃ ইউআইএসসি সংক্রান্ত ঃ**

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, এ উপজেলার ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউআইএসসি) সমূহের কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখতে হবে। উপস্থিত ইউনিয়ন পরিষদ সচিবগণ জানান যে, ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউআইএসসি) এর কার্যক্রম চলছে। সভাপতি নিয়মিত তথ্য আপলোড করতে ও যে সকল ইউনিয়নে বিকল্প উদ্যোক্তা নেই সে সকল ইউনিয়নে বিকল্প উদ্যোক্তা নিয়োগ করতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ইউআইএসসি থেকে কি কি সেবা পাওয়া যাবে তা ব্যাপক প্রচারের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি আরো বলেন যে, ইউআইএসসি'র উদ্যোক্তাদের UAMS মনিটরিং টুল ব্যবহার এবং এর মাধ্যমে আয়ের ও সেবা গ্রহণকারীদের তথ্য প্রতিদিন আপলোড করার বিষয়টি নিশ্চিত করার জন্য ইউপি সচিবগণকে অনুরোধ জানান। ইউআইএসসির আয় বাড়াতে প্রজেক্টরের মাধ্যমে কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা করতে ইউআইএসসির উদ্যোক্তা, ইউপি চেয়ারম্যান ও সচিবগণকে পরামর্শ দেন।

**সিদ্ধান্ত-১ ঃ** ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউআইএসসি) সর্বদা চালু রাখতে হবে এবং এগুলোর সেবাসমূহ জনগণের মধ্যে ব্যাপক প্রচার করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।
২। সচিব, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-২ ঃ** প্রতিটি ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউআইএসসি) এর দৈনিক কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি নিয়মিতভাবে UAMS মনিটরিং টুল ব্যবহার করে আপলোড করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।
২। সচিব, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**আলোচ্য বিষয়- ৩ ঃ কম্পিউটার ল্যাবের সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ঃ**

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক এ উপজেলার হাজী তায়েব উচ্চ বিদ্যালয়, তমিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়, ঘাগড়া আঃ গণি উচ্চ বিদ্যালয়, গোপদিঘী জেএন উচ্চ বিদ্যালয়, কাটখাল উচ্চ বিদ্যালয়, ঢাকী ফুলবাড়িয়া উচ্চ বিদ্যালয় ও মিঠামইন কলেজে ইতোমধ্যে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। এ সব কম্পিউটার

পরবর্তী পৃষ্ঠা-২

ল্যাবের মাধ্যমে স্কুলের ছাত্র-ছাত্রীসহ স্থানীয় জনসাধারণকে সেবা প্রদানে আরো দ্রুত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ এবং ল্যাবের যন্ত্রপাতিসমূহ সঠিকভাবে রক্ষণাবেক্ষণ ও সচল রাখতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে তিনি অনুরোধ জানান। তিনি কম্পিউটার ল্যাবগুলো নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জকে অনুরোধ জানান। কম্পিউটার ল্যাব নিয়মিত ও সার্বক্ষণিক খোলা রেখে ছাত্র-ছাত্রী, শিক্ষক ও জনসাধারণকে সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে তিনি অনুরোধ জানান।

**সিদ্ধান্ত-১ ঃ** শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবগুলোর মাধ্যমে ছাত্র-ছাত্রীসহ সাধারণ জনগণকে সেবা প্রদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কম্পিউটার ল্যাব নিয়মিত ব্যবহার সংক্রান্ত তথ্যাদি বিসিসি কর্তৃক সরবরাহকৃত ছক অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করতে হবে এবং প্রতি মাসের এক তারিখে পূর্ববর্তী মাসে ল্যাব ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন (নির্ধারিত ছকে) দাখিল করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১**। অধ্যক্ষ, মিঠামইন কলেজ, মিঠামইন, কিশোরগঞ্জ।

২। প্রধান শিক্ষক, হাজী তায়েব উচ্চ বিদ্যালয়/তমিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়/ঘাগড়া আঃ গণি উচ্চ বিদ্যালয়/ গোপদিঘী জেএন উচ্চ বিদ্যালয়/কাটখাল উচ্চ বিদ্যালয়/ঢাকী ফুলবাড়িয়া উচ্চ বিদ্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-২ ঃ** কম্পিউটার ল্যাবগুলোর কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করতে হবে এবং এগুলো পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১**। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।

২। উপজেলা একাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জ।

**আলোচ্য বিষয়- ৪ ঃ উপজেলা কমিউনিটি ই-সেন্টার সংক্রান্ত ঃ**

সভাপতি উপজেলা পরিষদ ভবনে স্থাপিত উপজেলা কমিউনিটি ই-সেন্টার থেকে যে সব সেবা প্রদান করা হয় তা ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণসহ প্রদত্ত সেবার বিবরণ ও আয়-ব্যয় রেজিস্টার সংরক্ষণ এবং তাতে দৈনিক আয়-ব্যয় লিপিবদ্ধ করে রাখতে অপারেটর, কমিউনিটি ই-সেন্টার, মিঠামইন, কিশোরগঞ্জকে অনুরোধ জানান। তাছাড়া তিনি উপজেলা কমিউনিটি ই-সেন্টারের কার্যক্রম তদারকি করার জন্য উপজেলা একাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জকে অনুরোধ জানান।

**সিদ্ধান্ত-১ ঃ** কমিউনিটি ই-সেন্টার এ আয়-ব্যয় রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং তাতে দৈনিক আয়-ব্যয় লিপিবদ্ধ করে রাখতে হবে।

**বাস্তবায়নে ঃ** অপারেটর, উপজেলা কমিউনিটি ই-সেন্টার, মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-২ ঃ** উপজেলা কমিউনিটি ই-সেন্টারের কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করতে হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা একাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
(মোহাম্মদ সাদেকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
মিঠামইন, কিশোরগঞ্জ।
ফোন ঃ ০৯৪৩৫-৫৬০০১ (অঃ)
ফ্যাক্স ঃ ০৯৪৩৫-৫৬০৩৫
E-mail: unomithamoin@mopa.gov.bd

স্মারক নং-উঃনিঃঅঃ/মিঠাঃ/আইসিটি/২০১৩-৫৬৩(৫০) তারিখ ঃ ০৪/০৮/২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৩। চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
৪। সিনিয়র সহকারী সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, ব্যাঙ্গডক ভবন, ১৪/ই, আগারগাঁও, ঢাকা।
৫।........................................................................................................................................।
৬। জনাব...........................................................................সদস্য, উপজেলা আইসিটি কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ।
৭। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
মিঠামইন, কিশোরগঞ্জ

**পরিশিষ্ট- 'ক'**

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মজিবুর রহমান | চেয়ারম্যান, ঢাকী ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ২ | জনাব মোঃ মোকসেদুল আলম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৩ | জনাব মোঃ বিল্লাল হোসেন মজুমদার | উপজেলা সমাজসেবা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৪ | জনাব মোঃ মনিরুজ্জামান | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৫ | জনাব মোঃ রইস উদ্দিন | চেয়ারম্যান, কাটখাল ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৬ | জনাব এন,এম বদরুজ্জামান তালুকদার | উপজেলা একাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৭ | জনাব মোঃ আফতাব উদ্দিন ভূঞা | চেয়ারম্যান, কেওয়ারজোর ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৮ | জনাব কিশোরী লাল গোস্বামী | উপজেলা সমবায় অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৯ | জনাব মোহাম্মদ হাবিবুর রহমান | সহকারী কমিশনার (ভূমি), মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১০ | জনাব মোঃ নূরুল হক বাচ্চু | চেয়ারম্যান, গোপদিঘী ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১১ | জনাব মোঃ জাফর আলী | সচিব, বৈরাটি ইউনিয়ন পষিদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১২ | জনাব মোঃ আলমগীর হুসেন | সচিব, কেওয়ারজোর ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৩ | জনাব মোঃ আল আমিন | সচিব, মিঠামইন ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৪ | জনাব মোঃ শামসুল হুদা | সচিব, ঘাগড়া ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৫ | জনাব সাহাবউদ্দিন আহমেদ | চেয়ারম্যান, বৈরাটি ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৬ | জনাব মোঃ আহসানুল জাহীদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৭ | জনাব মোঃ সাইফুল ইসলাম | প্রধান শিক্ষক, ঘাগড়া আঃ গনি উঃ বিঃ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |

**পরিশিষ্ট- 'খ'**

সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (জ্যেষ্টতার ভিত্তিতে নয়)

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আইয়ুব আলী | ভাইস-চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ |
| ২ | জনাব মোঃ আবদুল হক | অধ্যক্ষ, মিঠামইন মহাবিদ্যালয়,মিঠামইন |
| ৩ | ------------------------ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৪ | ------------------------ | প্রধান শিক্ষক, গোপদিঘী জিন্নাতুন্নেছা উঃবিঃ, মিঠামইন কিশোরগঞ্জ |
| ৫ | জনাব মোঃ সেলিম মিয়া | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৬ | --------- | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৭ | --------- | উপজেলা নির্বাচন অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৮ | জনাব খন্দকার শহীদুল আলম | উপজেলা পোস্ট মাস্টার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৯ | জনাব মোঃ হাবীবুর রহমান মাছুম | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১০ | জনাব মোঃ এনায়েত হোসেন বাহার | প্রধান শিক্ষক, কাটখাল উচ্চ বিদ্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১১ | ------------------ | প্রধান শিক্ষক, ঢাকী উচ্চ বিদ্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১২ | জনাব মোঃ ফরিদুজ্জামান | উপ সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১৩ | বেগম আবেদা আক্তার | প্রধান শিক্ষক, তমিজা খাতুন বাঃউঃবিঃ, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১৪ | জনাব মোঃ সাইফুর রহমান খান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১৫ | জনাব কুতুব উদ্দিন চৌধুরী | প্রশিক্ষক, আনসার ও ভিডিপি অফিস, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১৬ | জনাব এ,কে,এম গিয়াস উদ্দিন | অধ্যক্ষ, মহিষারকান্দি আলিম মাদ্রাসা, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১৭ | জনাব মাহবুবা রহমান | মহিলা ভাইস-চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ |
| ১৮ | জনাব সুভাষ চন্দ্র বৈষ্ণব | প্রধান শিক্ষক, হাজী তায়েব উঃ বিঃ মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১৯ | জনাব মোহাম্মদ নূরুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২০ | জনাব মোঃ ইফতেখার আহমেদ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২১ | জনাব দীপক চন্দ্র মজুমদার | অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ |
| ২২ | জনাব ডাঃ মোঃ আতাউল জলিল | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২৩ | জনাব মোঃ আলমগীর হুসেন | সচিব, কাটখাল ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২৪ | জনাব মোঃ আজহারুল ইসলাম | ই-সেন্টার অপারেটর-১, কমিউনিটি ই-সেন্টার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২৫ | জনাব নূরুল হক | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২৬ | জনাব বোরহান উদ্দিন চৌধুরী | চেয়ারম্যান, ঘাগড়া ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২৭ | জনাব মুহাম্মদ আরিফুর রহমান | উপজেলা কৃষি অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২৮ | জনাব কৃষ্ণ চন্দ্র রায় | উপজেলা প্রকৌশলী, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২৯ | জনাব মোঃ কফিল উদ্দিন | সচিব, ঢাকী ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৩০ | জনাব মোঃ শরীফ কামাল এ্যাডভোকেট | চেয়ারম্যান, মিঠামইন ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৩১ | জনাব পীযুষ কান্তি চক্রবর্তী | সচিব, গোপদিঘী ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ |

সমাপ্ত